গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা
জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার
সংখ্যা-১১৪/২০১৯-২০২০
ঢাকা, ১ ডিসেম্বর রোববার ২০১৯, ১৬ অগ্রহায়ণ ১৪২৬
আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠের গ্র্যাজুয়েট হিসেবে সত্য ও ন্যায়কে সমুন্নত রাখবে : রাবির সমাবর্তনে রাষ্ট্রপতি

২। হিসাব-নিকাশের স্বচ্ছতা নিশ্চিত করতে অ্যাকাউন্ট্যান্টদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান

৩। জাতিসংঘের জলবায়ু বিষয়ক অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী আজ স্পেন যাচ্ছেন

৪। অবৈধ অর্থ উপার্জন করে কেউ পার পাবে না : ঢাকা মহানগর আ'লীগের সম্মেলনে প্রধানমন্ত্রী

৫। সন্ত্রাসবাদ প্রতিরোধ করে মানবিক বিশ্ব গড়ার আহ্বান স্পিকারের

৬। রাজনীতিতে দুর্বৃত্তায়ন ও বণিকায়ন শুরু করেছিলেন জিয়াউর রহমান : চট্টগ্রামে তথ্যমন্ত্রী

৭। সামগ্রিক উন্নয়নের জন্য নারী-পুরুষ বৈষম্য কমাতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী

৮। ৯২ ভাগ বাড়িতে বিদ্যুৎ দিয়েছে সরকার : মৌলভীবাজারে পরিকল্পনামন্ত্রী

৯। কর্মস্থলে অনুপস্থিত থাকলে ডাক্তারদের বিরুদ্ধে ব্যবস্থা : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী

১০। দুর্যোগ সহনীয় জাতি গঠনে কাজ করছে সরকার : জলবায়ু কর্মশালায় ত্রাণ প্রতিমন্ত্রী

১১। বাংলাদেশ ইউনেস্কো নির্বাহী পরিষদের সহ-সভাপতি নির্বাচিত

১২। বিশ্ব এইডস দিবস আজ

চলমান পাতা-২



১। দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠের গ্র্যাজুয়েট হিসেবে সত্য ও ন্যায়কে সমুন্নত রাখবে : রাবির সমাবর্তনে রাষ্ট্রপতি

গ্র্যাজুয়েটরা দেশের উচ্চতর মানবসম্পদ উল্লেখ করে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ বলেছেন, 'তোমরা দেশের উচ্চতর মানবসম্পদ। দেশের ভবিষ্যৎ উন্নয়ন ও অগ্রগতি নির্ভর করছে তোমাদের ওপর। তোমাদের তারুণ্য, জ্ঞান, মেধা ও প্রজ্ঞা হবে দেশের উন্নয়নের প্রধান চালিকাশক্তি। দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠ থেকে একজন গ্রাজুয়েট হিসেবে সব সময় সত্য ও ন্যায়কে সমুন্নত রাখবে। নৈতিকতা ও দৃঢ়তা দিয়ে দুর্নীতি ও অন্যায়ের প্রতিবাদ করবে। তোমরা কখনও অর্জিত ডিগ্রীর মর্যাদা, ব্যক্তিগত সম্মানবোধ আর নৈতিকতা ভুলুণ্ঠিত করবে না।' বিবেকের কাছে কখনও পরাজিত হবে না। গতকাল (৩০ নভেম্বর শনিবার) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের স্টেডিয়ামে আয়োজিত একাদশ সমাবর্তন অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.৩,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.২)।

২। **হিসাব-নিকাশের স্বচ্ছতা নিশ্চিত করতে অ্যাকাউন্ট্যান্টদের প্রতি রাষ্ট্রপতির আহ্বান**

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সরকারি এবং বেসরকারি খাতে হিসাবের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে দায়িত্বশীল ভূমিকা পালন করতে চার্টার্ড অ্যাকাউন্ট্যান্টদের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (৩০ নভেম্বর শনিবার) রাজধানীর সোনারগাঁও হোটেলে সাউথ এশিয়ান ফেডারেশন অভ্ অ্যাকাউন্ট্যান্টস (সাফা) আন্তর্জাতিক সম্মেলন ২০১৯-এর উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। রাষ্ট্রপতি আরো বলেন, বাংলাদেশে এখন বিনিয়োগের সুযোগ সৃষ্টি হয়েছে। এ সুযোগ কাজে লাগাতে এবং বিদ্যমান সুবিধা বিদেশি বিনিয়োগকারীদের কাছে তুলে ধরতে এ সম্মেলন বড় ভূমিকা রাখবে বলে তিনি আশা প্রকাশ করেন। সূত্র : **সমকাল** (পৃ.১২,ক.৮), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২)।

৩। **জাতিসংঘের জলবায়ু বিষয়ক অধিবেশনে যোগ দিতে প্রধানমন্ত্রী আজ স্পেন যাচ্ছেন**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জলবায়ু বিষয়ক একটি সম্মেলনে যোগ দিতে আজ (১ ডিসেম্বর রোববার) তিন দিনের সরকারি সফরে স্পেন যাচ্ছেন। জাতিসংঘের জলবায়ু পরিবর্তন বিষয়ক ফ্রেমওয়ার্ক কনভেনশনের (ইউএনএফসিসিসি) কনফারেন্স অভ্ পার্টিসের ২৫তম বার্ষিক এ অধিবেশন (কপ ২৫) আগামী ২-১৩ ডিসেম্বর মাদ্রিদে অনুষ্ঠিত হবে। প্রধানমন্ত্রী এবং তাঁর সফরসঙ্গীদের নিয়ে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের একটি বিশেষ ফ্লাইট আজ মাদ্রিদের উদ্দেশে হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবে। বিমানটি এদিন স্থানীয় সময় বিকেলে মাদ্রিদ টোরেজন বিমানবন্দরে অবতরণ করবে। বিমানবন্দরে আনুষ্ঠানিকতা শেষে একটি সুসজ্জিত মোটর শোভাযাত্রা সহকারে প্রধানমন্ত্রীকে মাদ্রিদের হোটেল ভিলা ম্যাগনায় নিয়ে যাওয়া হবে। স্পেন সফরকালে পধানমন্ত্রী এ হোটেলে অবস্থান করবেন। সূত্র : **সমকাল** (পৃ.২,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.১)।

৪। **অবৈধ অর্থ উপার্জন করে কেউ পার পাবে না : ঢাকা মহানগর আ'লীগের সম্মেলনে প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, প্রজন্মের পর প্রজন্ম যেন উন্নত, সুশৃঙ্খল, সমৃদ্ধশালী জীবন পায় সে লক্ষ্যে দীর্ঘমেয়াদি পরিকল্পনা বাস্তবায়নে কাজ করছে সরকার। তিনি বলেন, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে, এগিয়ে যাবে। প্রধানমন্ত্রী আরো বলেন, দুর্নীতি করে, অবৈধ অর্থ উপার্জন করে কেউ পার পাবে না। জনগণের অর্থ দুর্নীতিবাজদের ভোগ-বিলাসে নয়, জনগণের জন্য ব্যয় হবে। মাদক, সন্ত্রাস এবং চলমান দুর্নীতি বিরোধী এ অভিযান অব্যাহত থাকবে। গতকাল (৩০ নভেম্বর শনিবার) রাজধানীর সোহরাওয়ার্দী উদ্যানে ঢাকা মহানগর উত্তর ও দক্ষিণ আওয়ামী লীগের ত্রি-বার্ষিক সম্মেলনে (কাউন্সিল) প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-সংবাদ (পৃ.১,ক.৬)। **অবজারভার** (পৃ.১,ক.১)।

৫। **সন্ত্রাসবাদ প্রতিরোধ করে মানবিক বিশ্ব গড়ার আহ্বান স্পিকারের**

স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী সন্ত্রাসবাদ প্রতিরোধ করে মানবিক বিশ্ব গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেছেন, শিক্ষার প্রসার, জনসচেতনতা তৈরি, তথ্যপ্রযুক্তির নিয়ন্ত্রিত ব্যবহার, আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতা ও সংসদীয় কূটনীতির মাধ্যমে জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে সন্ত্রাসবাদকে দমন করা সম্ভব। গতকাল (৩০ নভেম্বর শনিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে 'সন্ত্রাসবাদ : আইন ও বাস্তবতা' শীর্ষক এক সেমিনারে তিনি এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৩)। **নিউজ টুডে** (শেষ পৃ,ক.২)।



৬। **রাজনীতিতে দুবৃত্তায়ন ও বণিকায়ন শুরু করেছিলেন জিয়াউর রহমান : চট্টগ্রামে তথ্যমন্ত্রী**

বাংলাদেশের কমিউনিস্ট পার্টির (সিপিবি) পদযাত্রায় হামলা একটি বিচ্ছিন্ন ঘটনা বলে মন্তব্য করেছেন তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্‌মুদ। তিনি বলেন, জামালপুরে কমিউনিস্ট পার্টির পদযাত্রায় যে হামলা হয়েছে, সেটার তীব্র নিন্দা জানাই। এটি একটি বিচ্ছিন্ন ঘটনা। সেখানকার আওয়ামী লীগ এ ঘটনার নিন্দা জানিয়েছে। গতকাল (৩০ নভেম্বর শনিবার) চট্টগ্রাম প্রেসক্লাবে অধ্যাপক মোজাফফর আহমদের নাগরিক শোকসভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, রাজনীতিতে দুর্বৃত্তায়ন ও বণিকায়ন জিয়াউর রহমান শুরু করেছিলেন। সেটিকে আরও পূর্ণতা দিয়েছিলেন এরশাদ সাহেব ক্ষমতায় এসে। তা ষোলোকলায় পূর্ণ করেছেন খালেদা জিয়া। সূত্র : **সমকাল** (পৃ.৩,ক.৪), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.১)।

৭। **সামগ্রিক উন্নয়নের জন্য নারী-পুরুষ বৈষম্য কমাতে হবে : স্থানীয় সরকার মন্ত্রী**

দেশের সামগ্রিক উন্নয়ন নিশ্চিত করতে নারী-পুরুষ বৈষম্য কমাতে হবে। নারীরা যদি অর্থনৈতিকভাবে স্বাবলম্বী বা উপযুক্ত শিক্ষায় শিক্ষিত হতে না পারে, তবে অভীষ্ট লক্ষ্য পূরণ করা সম্ভব হবে না। গতকাল (৩০ নভেম্বর শনিবার) রাজধানীর গুলশানে দুই দিনব্যাপী নারী, শিশু ও প্রতিবন্ধীদের ওপর নির্যাতন বন্ধ ও অধিকার রক্ষা সংক্রান্ত প্রচারাভিযানের সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে স্থানীয় সরকার মন্ত্রী মো. তাজুল ইসলাম এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৩)।

৮। **৯২ ভাগ বাড়িতে বিদ্যুৎ দিয়েছে সরকার : মৌলভীবাজারে পরিকল্পনামন্ত্রী**

পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান বলেছেন, বর্তমান সরকারের আমলে দেশে অনেক কিছু হচ্ছে। সরকারের **১১** বছরে দেশের সব জায়গায় উন্নয়ন হয়েছে। প্রধানমন্ত্রী দেশের উন্নয়নে কাজ করে যাচ্ছেন। বর্তমান সরকারের আমলে দেশের মানুষের গড় আয়ু বেড়ে ৭৩ বছরে দাঁড়িয়েছে। তিনি আরো বলেন, সরকার ৯২ ভাগ বাড়িতে বিদ্যুৎ সরবরাহ করেছে। গতকাল (৩০ নভেম্বর শনিবার) মৌলভীবাজার পৌরসভার আয়োজনে জ্যৈষ্ঠ নাগরিকদের জন্য নির্মিত প্রবীণাঙ্গনের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র : **জনকণ্ঠ** (পৃ.১,ক.১)।

৯। **কর্মস্থলে অনুপস্থিত থাকলে ডাক্তারদের বিরুদ্ধে ব্যবস্থা : মানিকগঞ্জে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী জাহিদ মালেক বলেছেন, জনগণের সেবার জন্য ডাক্তারদের চাকরি দেয়া হয়েছে। নিয়মবহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকলে তাদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়া হবে। দেশে এখন ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে আছে। আগামীতে ডেঙ্গু রোগী মোকাবিলা করার জন্য স্বাস্থ্য বিভাগ প্রস্তুত রয়েছে। তবে এডিস মশা নির্মূলের জন্য সিটি কর্পোরেশন ও পৌরসভাকে সঠিক সময় তাদের দায়িত্ব পালন করতে হবে। গতকাল (৩০ নভেম্বর শনিবার) মানিকগঞ্জে ২৫০ শয্যাবিশিষ্ট জেলা হাসপাতাল পরিদর্শনকালে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। তিনি আরো বলেন, গত চার মাসে দুই হাজার ডাক্তারকে সহকারী অধ্যাপক হিসেবে পদোন্নতি দেয়া হয়েছে। আগামী ৮ ডিসেম্বর সাড়ে ৪ হাজার নতুন ডাক্তার জেলা উপজেলার বিভিন্ন হাসপাতালে যোগদান করবে। এতে হাসপাতালগুলোতে আর ডাক্তার সংকট থাকবে না। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.১)। **ডেইলি সান** (শেষ পৃ,ক.২)।

১০। **দুর্যোগ সহনীয় জাতি গঠনে কাজ করছে সরকার : জলবায়ু কর্মশালায় ত্রাণ প্রতিমন্ত্রী**

দুযোর্গ ব্যবস্থাপনা ও ত্রাণ প্রতিমন্ত্রী ডা. মো. এনামুর রহমান বলেছেন, দুর্যোগ সহনীয় জাতি গঠনে কাজ করছে সরকার। কারণ ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশ অত্যন্ত দুর্যোগ ঝুঁকিপূর্ণ একটি দেশ। গতকাল (৩০ নভেম্বর শনিবার) ঢাকায় আয়োজিত দু'দিনব্যাপী 'জলবায়ু অভিযোজন সম্পর্কিত উপ-আঞ্চলিক কর্মশালা'য় প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.১৭,ক.৫)।

১১। **বাংলাদেশ ইউনেস্কো নির্বাহী পরিষদের সহ-সভাপতি নির্বাচিত**

জাতিসংঘের শিক্ষা, বিজ্ঞান, ও সংস্কৃতি বিষয়ক সংস্থা ইউনেস্কোর নির্বাহী পরিষদে সহ-সভাপতি নির্বাচিত হয়েছে বাংলাদেশ। নির্বাহী পরিষদে সহ-সভাপতি হিসেবে আগামী দুই বছর এশিয়া ও প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের ৪৪টি রাষ্ট্রের প্রতিনিধিত্ব করবে বাংলাদেশ। গত ২৯ নভেম্বর শুক্রবার ফ্রান্সের বাংলাদেশ দূতাবাস জানায়, ইউনেস্কোর নির্বাহী পরিষদের ৫৮ সদস্য রাষ্ট্রের মধ্য থেকে ইলেক্টোরাল গ্রুপ-4 (এশিয়া ও প্রশান্ত) থেকে ইউনেস্কো নির্বাহী পরিষদের সহ-সভাপতি পদে সর্বসম্মতিক্রমে নির্বাচিত হয়েছে বাংলাদেশ। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫)।



১২। **বিশ্ব এইডস দিবস আজ**

আজ (১ ডিসেম্বর রোববার) বিশ্ব এইডস দিবস। এ বছর দিবসের প্রতিপাদ্য নির্ধারিত হয়েছে ‘এইডস নির্মূলে প্রয়োজন : জনগণের অংশগ্রহণ’। বিশ্ব এইডস দিবস উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ,ক.১), **নিউ নেশন** (পৃ.৩,ক.৪)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** নিরাপদ সড়ক পরিবহণ আইন ২০১৮ তে পরিবহণ চালকদের ডোপ টেস্টের সিদ্ধান্ত শুধু পরিবহণ চালকই নয়, মাদকাসক্তি প্রতিরোধে এ সিদ্ধান্ত সর্বত্র ছড়িয়ে পড়ার প্রত্যাশা ।

খ. **সংবাদ, সমকাল :** নিত্যপণ্য নিয়ে কারসাজি বন্ধে মজুদদারির বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

গ. **যুগান্তর :** ঠিকাদারির ই-টেন্ডারিংয়েও দুর্নীতি ঢুকে পড়ায় কালো তালিকাভুক্ত দুর্নীতিবাজ ঠিকাদারদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের আহ্বান।

ঘ. **সমকাল :** চট্টগ্রামসহ দেশের অন্যান্য এলাকায়ও রোহিঙ্গাদের পাসপোর্ট চক্র ধরা পড়ায় এ অপতৎপরতা রুখতে প্রশাসনসহ স্থানীয় জনপ্রতিনিধি, নাগরিক সমাজ ও রাজনৈতিক দলগুলোকে সম্পৃক্ত করার সুপারিশ।

ঙ. **যায়যায়দিন, বণিক বার্তা, ভোরের কাগজ, সংবাদ, ডেইলি সান, নিউ এজ** : ডেঙ্গু পরিস্থিতি মোকাবিলায় এর প্রতিরোধ কার্যক্রম বছরব্যাপী অব্যাহত রাখার আহ্বান।

চ. **ইন্ডিপেনডেন্ট** : নারী ও শিশুর প্রতি সহিংস আচরণ প্রতিরোধে আইনি ব্যবস্থা জোরদার করার পাশাপাশি সামাজিক সচেতনতা বাড়ানোর ওপর গুরুত্বারোপ।

ছ. **ডেইলি সান :** কৃষকদের কাছ থেকে আমন ধান ক্রয়ে মধ্যস্বত্বভোগীদের হাত থেকে কৃষকদের স্বার্থ রক্ষায় যথাযথ ব্যবস্থা গ্রহণের সুপারিশ।

জ. **অবজারভার** : বঙ্গোপসাগরের পানিতে মাইক্রোপ্লাস্টিকের প্রভাবে সুন্দরবন হুমকির মুখে পড়ার আশঙ্কা করে প্রাকৃতিক ভারসাম্য রক্ষায় ন্যানো প্লাস্টিকের পরিবর্তে পচনশীল ব্যাগের ব্যবহার বাড়ানোর সুপারিশ।

## নিবন্ধ ও ফিচার

**সংবাদ** পত্রিকায় প্রকাশিত **‘খাদ্য নিরাপত্তায় পুষ্টিমান’** শিরোনামের নিবন্ধে উল্লেখ করা হয়েছে, পুষ্টিসমৃদ্ধ সুষম খাবার শিশুর রোগ প্রতিরোধ ক্ষমতা বাড়ানোর পাশাপাশি মেধাবিকাশও ত্বরান্বিত করে।

#

ডালিয়া/মরজিনা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা